


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.mopa.gov.bd

নিলাম বিজ্ঞপ্তি নং ০৫.০০.০০০০.১১৩.২৮.০২৮.২২-৩০২

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪৩০
১৩ জুন ২০২৩

অকেজো ঘোষিত কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রাংশ (কম্পিউটার সিপিইউ, মনিটর, ইউপিএস, প্রিন্টার, স্ক্যানার এবং ফটোকপি) নিলামে বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর মালিকানাধীন অকেজো ঘোষিত কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রাংশ (কম্পিউটার সিপিইউ, মনিটর, ইউপিএস, প্রিন্টার, স্ক্যানার এবং ফটোকপি) (জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্টোররুম এবং লাইব্রেরীর ভিতরে সংরক্ষিত) নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক, আগ্রহী ক্রেতাদের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্রদাতাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে দরপত্র আহবান করা যাচ্ছে। বিক্রয়যোগ্য মালামালের বিবরণ সম্বলিত দরপত্র শিডিউল প্রশাসন-৪ শাখা হতে আগামী ২২.০৬.২০২৩ তারিখের মধ্যে ১০০০/- (এক হাজার) টাকা মূল্য পরিশোধ সাপেক্ষে (অফেরৎযোগ্য) সংগ্রহ করা যাবে। খামবদ্ধ দরপত্র ২৫.০৬.২০২৩ তারিখ বেলা ১২ ঘটিকা পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ভবন নং-৩, ২য় তলা, কক্ষ নং-১১৪, প্রশাসন-৪ শাখায় রক্ষিত বাক্সে জমা দিতে হবে। ঐ দিন (২৫.০৬.২০২৩) তারিখ বেলা ২.৩০ ঘটিকায় দরপত্র খোলা হবে। সরকারি নিয়মানুযায়ী নিলাম মূল্যের অতিরিক্ত ৭.৫% ভ্যাট ও ৫% হারে আয়কর পৃথকভাবে পরিশোধ করতে হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


ড. মোঃ ফরিদুর রহমান
উপসচিব

ফোন: ০২-৯৫৪০৫৪০

admincs@mopa.gov.bd